



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২২

তারিখ: ১ মাঘ ১৪৩০

১৫ জানুয়ারি ২০২৪

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে Smart Case Management System-এর উন্নয়ন/বাস্তবায়নের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য ২য় কর্মশালায় অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ-এর আইন-১ অধিশাখা এর স্মারক নং-০৪.০০.০০০০.১১১.২৯.১৭৪.২৩.০১৮, তারিখ: ১০ জানুয়ারি, ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, মাননীয় সুপ্রিম কোর্টের উভয় বিভাগে চলমান সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার তথ্য সংরক্ষণ ও মামলা পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের অনলাইন-ভিত্তিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে Smart Case Management System নির্মাণ করা হচ্ছে। সিস্টেমটি নির্মাণ সম্পন্ন হলে সকল সরকারি অফিসে ব্যবহার করা হবে। সিস্টেমটির উন্নয়ন/বাস্তবায়নের উদ্দেশ্যে আগামী ১৭/০১/২০২৪ তারিখ (বুধবার) মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে (কক্ষ নং-২২, ভবন নং-২, নিচতলা) এক কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ০১ (এক) জন কর্মকর্তাকে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে Smart Case Management System-এর উন্নয়ন/বাস্তবায়নের উদ্দেশ্যে আগামী ১৭/০১/২০২৪ তারিখ (বুধবার) অনুষ্ঠিতব্য ২য় কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত ১ (এক) জন কর্মকর্তা মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৫-১-২০২৪

আবু সাঈদ মোঃ ফজলে এলাহী

উপসচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: ds.law@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২২/১(৩)

তারিখ: ১ মাঘ ১৪৩০  
১৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা



১৫-১-২০২৪

আবু সাঈদ মোঃ ফজলে এলাহী  
উপসচিব